# ন্যাশনাল সার্ভিস কর্মসূচির তথ্যচিত্র

‘ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনন্য অবদান
ন্যাশনাল সার্ভিস কর্মসূচির মাধ্যমে যুব কর্মসংস্থান ’

যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়





বর্তমান সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে উচ্চ মাধ্যমিক ও তদূর্ধ্ব পর্যায়ের শিক্ষায় শিক্ষিত আগ্রহী বেকার যুবক ও যুবমহিলাদের জাতি গঠনমূলক কর্মকাণ্ডে সম্পৃক্তকরণের মাধ্যমে অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ' ন্যাশনাল সার্ভিস কর্মসূচি ' সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত একটি কর্মসূচি।

**প্রশিক্ষণ ঃ** ন্যাশনাল সার্ভিস কর্মসূচির অনুমোদিত নীতিমালা অনুযায়ী শিক্ষিত বেকার যুবক ও যুব নারীদের দশটি সুনির্দিষ্ট মডিউলে তিনমাস মেয়াদি মৌলিক প্রশিক্ষণ প্রদানের পর জাতি গঠনমূলক কর্মকাণ্ডে সমপৃক্তকরণের মাধ্যমে অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি করা হয়। প্রশিক্ষণ চলাকালীন প্রত্যেক প্রশিক্ষণার্থীকে দৈনিক ১০০ টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হয়।

**অস্থায়ী কর্মসংস্থান ঃ** প্রশিক্ষণোত্তর ০২ বছরের অস্থায়ী কর্মসংস্থানে নিয়োজিত হওয়ার পর দৈনিক ২০০ টাকা হারে কর্মভাতা প্রদান করা হয়। কর্মভাতা হতে প্রত্যেকে মাস শেষে ৪০০০ টাকা প্রদান করা হয় এবং অবশিষ্ট ২০০০ টাকা সংশ্লিষ্টদের ব্যাংক হিসাবে জমা থাকে যা অস্থায়ী কর্মের মেয়াদ পূর্তিতে ফেরত প্রদান করা হয়।

**অস্থায়ী কর্মসংস্থানের ক্ষেত্র ঃ** উপজেলা প্রশাসন, আইনশৃংখলা রক্ষা কার্যক্রম, স্কুল, কলেজ, মাদরাসা, পৌরসভা, ইউনিয়ন পরিষদ, উপজেলা হাসপাতাল, ক্লিনিক, ব্যাংক ও বিভিন্ন সেবামূলক সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি করা হয়ে থাকে।

এ কর্মসূচি প্রাথমিকভাবে পাইলট কর্মসূচি হিসেবে ২০০৯-২০১০ অর্থবছরে ৩টি জেলায় বাস্তবায়ন শুরু হয়। অতঃপর মন্ত্রিসভার সিদ্ধান্তমতে দেশের দারিদ্র্য ম্যাপ অনুযায়ী পর্যায়ক্রমে পর্বভিত্তিক কার্যক্রম পরিচালিত হয়ে আসছে।

## ক. ন্যাশনাল সার্ভিস পাইলট কর্মসূচি

**(কুড়িগ্রাম, বরগুনা ও গোপালগঞ্জ)**

১. কার্যক্রম উদ্বোধন ঃ কুড়িগ্রাম (৬মার্চ, ২০১০), বরগুনা (৬ মে, ২০১০) ও গোপালগঞ্জ (৩১ জুলাই, ২০১০)।

২. কার্যক্রমভুক্ত এলাকা ঃ কুড়িগ্রাম, বরগুনা ও গোপালগঞ্জ জেলার ১৯টি উপজেলা।

৩. উপকারভোগীর সংখ্যা ঃ ৫৬০৫৪ জন।

| জেলা | মোট | যুবক | যুব নারী | যুবক ও যুব নারীর অনুপাত | শতকরা হার | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | যুবক | যুব নারী |
| কুড়িগ্রাম | ২৯৮১৫ | ১৭৮৮৯ | ১১৯২৬ | ৩ঃ২ | ৬০ | ৪০ |
| বরগুনা | ৯৯৫৯ | ৫৯৭৫ | ৩৯৮৪ | ৩ঃ২ | ৬০ | ৪০ |
| গোপালগঞ্জ | ১৬২৮০ | ৯৭৩৯ | ৬৫৪১ | ৩ঃ২ | ৬০ | ৪০ |
| মোট | ৫৬০৫৪ | ৩৩৬০৩ | ২২৪৫১ | ৩ঃ২ | ৬০ | ৪০ |
| মন্তব্য ঃ উপকারভোগীদের বয়স ১৮ হতে ৩৫ বছর এবং শিক্ষাগত যোগ্যতা এসএসসি ও তদূর্ধ্ব। | | | | | | |

৪. কার্যক্রমের মেয়াদ পূর্তি ঃ ৩১ অক্টোবর, ২০১৩।

৫. মোট ব্যয় ঃ ৮৪৮ কোটি ২৬ লক্ষ টাকা।









৬. উপকারভোগীদের প্রদত্ত সুযোগ ঃ
- ক) প্রশিক্ষণ ভাতা ঃ ৪৪.৩৮ কোটি টাকা
- খ) কর্ম ভাতা ঃ ৭৪৯.৪২ কোটি টাকা
- মোট ঃ ৭৯৩.৮০ কোটি টাকা
- গ) ফেরতযোগ্য সঞ্চয় বিতরণ ঃ ২৬৯.০৫ কোটি টাকা (কর্মভাতায় অন্তর্ভুক্ত)

৭. সংযুক্তি- পরবর্তী কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান ঃ কর্মসংস্থান ৩০২১ জন, আত্মকর্মসংস্থান ২২৪৪৯ জন, মোট ২৫৪৭০ জন। কর্মসংস্থানের শতকরা হার ৫.৩৯ এবং আত্মকর্মসংস্থানের শতকরা হার ৪০.০৫।

৮. মন্তব্য ঃ ডাটাবেজ প্রস্তুত ও মূল্যায়ন করা হয়েছে। মূল্যায়ন প্রতিবেদনে কর্মসূচির সম্প্রসারণ সুপারিশ করা হয়েছে।

## খ. ন্যাশনাল সার্ভিস কর্মসূচি- ২য় পর্ব

(রংপুর বিভাগের কুড়িগ্রাম ব্যতীত ৭টি জেলার ৮টি উপজেলা)

১. কার্যক্রম উদ্বোধন ঃ ২৮ ফেব্রুয়ারি, ২০১৩।
২. কার্যক্রমভুক্ত এলাকা ঃ রংপুর বিভাগের কুড়িগ্রাম ব্যতীত ৭টি জেলার ৮টি উপজেলা।
৩. মোট উপকারভোগীর সংখ্যা ঃ ১৪৪৬৭ জন।

| জেলা ও উপজেলা | মোট | যুবক | যুব নারী | যুবক ও যুব নারীর অনুপাত | শতকরা হার | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | যুবক | যুব নারী |
| রংপুর (কাউনিয়া ও পীরগঞ্জ) | ৫৫৯১ | ৩৩৫৪ | ২২৩৭ | ৩ঃ২ | ৬০ | ৪০ |
| লালমনিরহাট (হাতিবান্ধা) | ২০৮৩ | ১২৫০ | ৮৩৩ | ৩ঃ২ | ৬০ | ৪০ |
| গাইবান্ধা (ফুলছড়ি) | ৬৫৫ | ৩৯৩ | ২৬২ | ৩ঃ২ | ৬০ | ৪০ |
| নিলফামারী (ডিমলা) | ২২৯৫ | ১৩৭৭ | ৯১৮ | ৩ঃ২ | ৬০ | ৪০ |
| দিনাজপুর (খানসামা) | ১৫৮৭ | ৯৫২ | ৬৩৫ | ৩ঃ২ | ৬০ | ৪০ |
| ঠাকুরগাঁও (হরিপুর) | ৯২২ | ৫৫৩ | ৩৬৯ | ৩ঃ২ | ৬০ | ৪০ |
| পঞ্চগড় (সদর) | ১৩৩৪ | ৯৩৭ | ৩৯৭ | ৯ঃ৪ | ৬০ | ৪০ |
| মোট | ১৪৪৬৭ | ৮৮১৬ | ৫৬৫১ | ৩ঃ২ | ৬০ | ৪০ |
| মন্তব্য ঃ উপকারভোগীদের বয়স ২৪ হতে ৩৫ এবং শিক্ষাগত যোগ্যতা এইচএসসি ও তদূর্ধ্ব। | | | | | | |

৪. কার্যক্রমের মেয়াদ পূর্তি ঃ ফেব্রুয়ারি, ২০১৬
৫. মোট ব্যয় ঃ ২২২ কোটি ৪৫ লক্ষ টাকা।









৬. উপকারভোগীদের প্রদত্ত সুযোগ ঃ
ক) প্রশিক্ষণ ভাতা ঃ ১০.৯৯ কোটি টাকা
খ) কর্ম ভাতা ঃ ১৮০.০০ কোটি টাকা
মোট ঃ ১৯০.৯৯ কোটি টাকা
গ) ফেরতযোগ্য সঞ্চয় বিতরণ ঃ ৬৯.৪৪ কোটি টাকা (কর্মভাতায় অন্তর্ভুক্ত)

৭. সংযুক্তি পরবর্তী কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান ঃ কর্মসংস্থান ৭০৫ জন ; আত্মকর্মসংস্থান ৯৬৪১ জন, মোট ১০৩৪৬ জন। কর্মসংস্থানের হার ৪.৮৭ এবং আত্মকর্মসংস্থানের হার ৬৬.৬৪।

৮. মন্তব্য ঃ ডাটাবেজ প্রস্তুত করা হয়েছে। মূল্যায়নের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

## গ. ন্যাশনাল সার্ভিস কর্মসূচি-৩য় পর্ব

(১৭টি জেলার ১টি করে ১৭টি উপজেলা)

১. কার্যক্রমভুক্ত এলাকা ঃ
১৭টি জেলার ১৭টি উপজেলা। ময়মনসিংহ (নান্দাইল), জামালপুর (দেওয়ানগঞ্জ), শেরপুর (শেরপুর সদর), রাজবাড়ী (গোয়ালন্দ), শরিয়তপুর (গোসাইরহাট), কুমিল্লা (মনোহরগঞ্জ), চাঁদপুর (হাইমচর), বান্দরবান (থানচি), সিরাজগঞ্জ (চৌহালী), নাটোর (সিংড়া), খুলনা (তেরখাদা), বাগেরহাট (চিতলমারী), সাতক্ষীরা (শ্যামনগর), মাগুরা (মোহাম্মদপুর), বরিশাল (মেহেন্দীগঞ্জ), পিরোজপুর (কাউখালী), ঝালকাঠি (নলছিটি)।

২. বাছাইকৃত উপকারভোগীর সংখ্যা ও প্রশিক্ষণ শুরু ঃ ১৭২৪৭ জন; ১ এপ্রিল ২০১৫।

৩. মোট প্রশিক্ষণ সম্পন্নকারী ১৬৩৪২ জন।

৪. অস্থায়ী সংযুক্তি শুরু ঃ ১জুলাই, ২০১৫।

৫. মোট উপকারভোগীর সংখ্যা ও যুবক-যুব নারীর অনুপাত ঃ ১৪৮০৩ জন। যুবক ৭৪৬৫ জন। যুব নারী ৭৩৩৮ জন। যুবক-যুবনারীর অনুপাত ৫০.৪৩ ঃ ৪৯.৫৭ (২.৫২ ঃ ২.৪৮)। বর্তমানে অস্থায়ী সংযুক্তি- ৩৮৬০জন

৬. কার্যক্রমের ব্যয় বরাদ্দ/এ পর্যন্ত খরচ ঃ বরাদ্দ ১৯০.১৫ কোটি টাকা, ব্যয় ১৭০.৪৯ কোটি টাকা।

৭. উপকারভোগীদের প্রদত্ত সুযোগঃ
ক) প্রশিক্ষণ ভাতা ঃ ১১.২৫কোটি টাকা
খ) কর্ম ভাতা ঃ ১৫৭.৫৫কোটি টাকা
মোট ঃ ১৬৮.৮০ কোটি টাকা
গ) ফেরতযোগ্য সঞ্চয় বিতরণ ঃ ৫২.৫৩কোটি টাকা (কর্মভাতায় অন্তর্ভুক্ত)

৮. কার্যক্রমের সম্ভাব্য মোট ব্যয় ঃ ১৯০ কোটি ১৫ লক্ষ টাকা।

৯. উপকারভোগীর যোগ্যতা ঃ উপকারভোগীদের বয়স ২৪ হতে ৩৫ বছর এবং শিক্ষাগত যোগ্যতা এইচএসসি ও তদূর্ধ্ব। পার্বত্য উপজেলাসমূহের শিক্ষাগত যোগ্যতা এসএসসি ও তদূর্ধ্ব।

১০. মন্তব্য ঃ ৩০শে জুন ২০১৭-এ ২ বছরান্তে ১০৯৪৩ জনের কর্মসংযুক্তির মেয়াদ শেষ হয়েছে। সম্পূর্ণরূপে সমাপ্তি- ফেব্রুয়ারি, ২০১৮।









## ঘ. ন্যাশনাল সার্ভিস কর্মসূচি- ৪র্থ পর্ব

### (৭টি জেলার ২০টি উপজেলা)

১. কার্যক্রমভুক্ত এলাকা ঃ
৭টি জেলার ২০টি উপজেলা (বরিশাল জেলার হিজলা, মুলাদী, গৌরনদী, অগৈলঝড়া, উজিরপুর, বাকেরগঞ্জ, বানারীপাড়া ও বাবুগঞ্জ; সিলেট জেলার গোয়াইনঘাট ও কানাইঘাট; ময়মনসিংহ জেলার ময়মনসিংহ সদর, ফুলপুর, তারাকান্দা, ধোবাউড়া ও ঈশ্বরগঞ্জ; রংপুর জেলার গংগাচড়া; শরিয়তপুর জেলার ভেদরগঞ্জ; জামালপুর জেলার মাদারগঞ্জ ও ইসলামপুর এবং পিরোজপুর জেলার নাজিরপুর উপজেলা)।

| | | |
|---|---|---|
| ২. | মোট বাছাইকৃত উপকারভোগীর সংখ্যা | ঃ ২৭০০২ জন। |
| ৩. | প্রশিক্ষণ শুরু | ঃ ১ মার্চ ২০১৬। |
| ৪. | অস্থায়ী কর্মসংযুক্তি শুরু | ঃ ১ জুন ২০১৬। |
| ৫. | এ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম | ঃ অস্থায়ী সংযুক্তি ২৬৩৭৬জন (১ম ধাপে ১৭১৬৮জন, ২য় ধাপে ৬২৯০জন, ৩য় ধাপে ১৫৬৯ জন এবং ৪র্থ ধাপে ১৩৪৯ জন)। |
| ৬. | কার্যক্রমের ব্যয় বরাদ্দ ও এ পর্যন্ত খরচ | ঃ বরাদ্দ ২৪২.৯৬ কোটি টাকা, ব্যয় ২৪০.২৬ কোটি টাকা |
| ৭. | উপকারভোগীদের প্রদত্ত সুযোগ | ঃ |
| | ক) প্রশিক্ষণ ভাতা | ঃ ২০.০৪ কোটি টাকা |
| | খ) কর্ম ভাতা | ঃ ২১৭.৫০ কোটি টাকা |
| | মোট | ঃ ২৩৭.৫৪ কোটি টাকা |
| | গ) ফেরতযোগ্য সঞ্চয় বিতরণ | ঃ কর্ম সংযুক্তির মেয়াদান্তে ফেরতযোগ্য |
| ৮. | যুবক ও যুবনারীর সংখ্যা ও অনুপাত | ঃ যুবক ১৩৩৮৪ জন ও যুব নারী ১২৯৯২জন। অনুপাত ৫০.৭৫ ঃ ৪৯.২৫ (২.৫৪ ঃ ২.৪৬)। |
| ৯. | কর্মসূচির সমাপ্তি | ঃ ২৮ ফেব্রুয়ারি, ২০১৯। |

## ঙ. ন্যাশনাল সার্ভিস কর্মসূচি- ৫ম পর্ব

### (১৫টি জেলার ২৪টি উপজেলা)

**১. কার্যক্রমভুক্ত এলাকা ঃ** ১৫টি জেলার ২৪টি উপজেলা (পিরোজপুর জেলার ইন্দুরকানি; ভোলা জেলার সদর; চাঁদপুর জেলার কচুয়া, হাজীগঞ্জ, মতলব (দক্ষিণ); শরিয়তপুর জেলার জাজিরা, সদর; জামালপুর জেলার বকশীগঞ্জ, সদর, মেলান্দহ; সিলেট জেলার জকিগঞ্জ; সাতক্ষীরা জেলার আশাশুনি, কালিগঞ্জ, গাইবান্ধা জেলার সাঘাটা, সাদুল্ল্যাপুর; ময়মনসিংহ জেলার ফুলবাড়িয়া, হালুয়াঘাট, রংপুর জেলার তারাগঞ্জ, মৌলভীবাজার জেলার জুড়ি; বরিশাল জেলার বরিশাল সদর; বান্দরবান জেলার নাইক্ষংছড়ি; খাগড়াছড়ি জেলার রামগড়, মানিকছড়ি, রাঙ্গামাটি জেলার বিলাইছড়ি)।

**২. এ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম ঃ** প্রাপ্ত আবেদনপত্র ৫১৩৩২ টি। বাছাইকৃত উপকারভোগীর সংখ্যা ৩৭৫৮৮ জন। তন্মধ্যে যুবক ১৮৪৪৮ জন ও যুব নারী ১৯১৪০জন। ০৬ সেপ্টেম্বর ২০১৭ হতে ২১টি উপজেলার প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। জামালপুর জেলার ৩টি উপজেলায় ২৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখ প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে।

৩. উপকারভোগীর যোগ্যতা ঃ উপকারভোগীদের বয়স ২৪ হতে ৩৫ বছর এবং শিক্ষাগত যোগ্যতা এইচএসসি ও তদূর্ধ্ব। পার্বত্য উপজেলাসমূহের শিক্ষাগত যোগ্যতা এসএসসি ও তদূর্ধ্ব।







## চ. ন্যাশনাল সার্ভিস কর্মসূচি -৬ষ্ঠ পর্ব

ন্যাশনাল সার্ভিস কর্মসূচির ৬ষ্ঠ পর্বের জন্য নিম্নোক্ত উপজেলাসমূহ মন্ত্রিসভা কর্তৃক অনুমোদিত হয়েছে।

| ক্রঃনং | জেলার নাম | উপজেলার নাম |
|---|---|---|
| ০১ | রংপুর | বদরগঞ্জ |
| ০২ | ময়মনসিংহ | গৌরীপুর |
| ০৩ | রংপুর | পীরগাছা |
| ০৪ | শরিয়তপুর | নড়িয়া |
| ০৫ | শেরপুর | শ্রীবর্দী |
| ০৬ | পিরোজপুর | নেছারাবাদ (স্বরুপকাঠি) |
| ০৭ | পিরোজপুর | ভান্ডারিয়া |
| ০৮ | ঝালকাঠি | রাজাপুর |
| ০৯ | চাঁদপুর | শাহরাস্তি |
| ১০ | গাইবান্ধা | সুন্দরগঞ্জ |
| ১১ | শরিয়তপুর | ডামুড্যা |
| ১২ | খুলনা | কয়রা |
| ১৩ | গাইবান্ধা | গোবিন্দগঞ্জ |
| ১৪ | রংপুর | মিঠাপুকুর |
| ১৫ | সাতক্ষীরা | তালা |
| ১৬ | সিলেট | জৈন্তাপুর |
| ১৭ | লক্ষীপুর | লক্ষীপুর সদর |
| ১৮ | ময়মনসিংহ | ত্রিশাল |
| ১৯ | রাজবাড়ি | পাংশা |
| ২০ | সাতক্ষীরা | কলারোয়া |







## ছ. ন্যাশনাল সার্ভিস কর্মসূচি -৭ম পর্ব

ন্যাশনাল সার্ভিস কর্মসূচির ৭ম পর্বের জন্য নিম্নোক্ত উপজেলাসমূহ মন্ত্রিসভা কর্তৃক অনুমোদিত হয়েছে।

| ক্রঃনং | জেলার নাম | উপজেলার নাম |
|---|---|---|
| ০১ | পিরোজপুর | সদর |
| ০২ | সিলেট | কোম্পানীগঞ্জ |
| ০৩ | চাঁদপুর | মতলব (উত্তর) |
| ০৪ | শেরপুর | নকলা |
| ০৫ | ফেনী | সোনাগাজী |
| ০৬ | গাইবান্ধা | সদর |
| ০৭ | বাগেরহাট | শরণখোলা |
| ০৮ | জামালপুর | সরিষাবাড়ি |
| ০৯ | সাতক্ষীরা | দেবহাটা |
| ১০ | রাজশাহী | গোদাগাড়ি |
| ১১ | গাইবান্ধা | পলাশবাড়ি |
| ১২ | বাগেরহাট | মোড়লগঞ্জ |
| ১৩ | কুমিল্লা | মুরাদনগর |
| ১৪ | চাঁদপুর | ফরিদগঞ্জ |
| ১৫ | বাগেরহাট | মোল্লারহাট |
| ১৬ | হবিগঞ্জ | আজমিরিগঞ্জ |
| ১৭ | সিরাজগঞ্জ | বেলকুচি |
| ১৮ | টাঙ্গাইল | নাগরপুর |
| ১৯ | কুমিল্লা | নাঙ্গলকোট |
| ২০ | সাতক্ষীরা | সদর |








## জ. সমন্বিত তথ্য

(পাইলট কর্মসূচিভূক্ত ৩টি জেলার ১৯টি উপজেলা, ২য় পর্বের ৭টি জেলার ৮ টি উপজেলা, ৩য় পর্বের ১৭টি জেলার ১৭টি উপজেলা ও ৪র্থ পর্বের ৭টি জেলার ২০টি উপজেলা; আগস্ট ২০১৭ পর্যন্ত)

১. বাস্তবায়নাধীন জেলা ও উপজেলার সংখ্যা ঃ জেলা- ২৮টি; উপজেলা-৬৪টি।
২. ২৮টি জেলার ৬৪ টি উপজেলায় মোট বাছাই ঃ ১২৫১৩৭ জন।
৩. ২৮ টি জেলার ৬৪ টি উপজেলাতে মোট প্রশিক্ষণ প্রদান ঃ ১১৪০৩৪ জন।
৪. ২৮টি জেলার ৬৪ টি উপজেলায় মোট অস্থায়ী কর্মসংস্থান ঃ ১১১৬৯৯ জন।
৫. কর্মসূচির যুবক-যুব নারীর অনুপাত (অস্থায়ী সংযুক্তি প্রদত্ত উপকারভোগী) ঃ ৫৬.৬৪ ঃ ৪৩.৩৬ (২.৮৩ ঃ ২.১৬)।
৬. এ পর্যন্ত কর্মসংযুক্তির (২ বছর) মেয়াদ পূর্তি ঃ ৮১৪৬৪ জন (১ম পর্ব,২য়পর্ব ও ৩য় পর্বের ১ম ধাপ)।
৭. সমাপ্ত কার্যক্রমে মোট ব্যয় (১ম ও ২য় পর্ব) ঃ মোট-১০৭০.৭১কোটি
প্রশিক্ষণ-৫৫.৩৭ কোটি
কর্মভাতা-৯২৯.৪২কোটি
সঞ্চয় ফেরত-৩৩৮.৪৯কোটি
(ফেরত প্রদত্ত সঞ্চয় কর্মভাতায় অন্তর্ভুক্ত)
৮. সমাপ্ত কার্যক্রমে মোট কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান (১ম ও ২য় পর্ব) ঃ কর্মসংস্থান - ৩৭২৬ জন (৫.২৮%)
আত্মকর্মসংস্থান-৩২০৯০জন (৪৫.৫০%)
মোট ৩৫৮১৬ জন
৯. আংশিক সমাপ্ত কার্যক্রম সংক্রান্ত তথ্য (৩য় পর্ব-১মধাপ) ঃ মেয়াদপূর্তি-১০৯৪৩ জন
মোট সঞ্চয় ফেরত-৫২.৫৩ কোটি টাকা
১০. বর্তমানে অস্থায়ী কর্মে নিয়োজিত ঃ ৩০২৩৫জন (৩য় পর্বের ৩৮৬০ জন ও ৪র্থ পর্বের ২৬৩৭৫ জন)
১১. ২০০৯-১০থেকে ২০১৬-১৭ অর্থ বছর পর্যন্ত বরাদ্দ ও ব্যয় ঃ বরাদ্দ ১৫৬৯ কোটি ১৮লক্ষ ২৫ হাজার টাকা; ব্যয় ১৪৮১ কোটি ৪৬ লক্ষ টাকা (৯৪.৪০%)
১২. ২০১৭-১৮ অর্থ বছরের বরাদ্দ ঃ ৬২০ কোটি টাকা।

দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দেশের শিক্ষিত যুব সম্প্রদায়ের জন্য কর্মসংস্থানের অবারিত ক্ষেত্র সৃষ্টিতে এবং নারী উন্নয়ন ও ক্ষমতায়নে ন্যাশনাল সার্ভিস কর্মসূচি সরকারের একটি যুগান্তকারী পদক্ষেপ। এটি যুগপৎভাবে যুব বান্ধব এবং দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের সহায়ক। মন্ত্রিসভা কর্তৃক অনুমোদিত নীতিমালা দ্বারা ন্যাশনাল সার্ভিস কর্মসূচি পরিচালিত।


**ন্যাশনাল সার্ভিস কর্মসূচি**
প্রধান কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
ফোন ঃ ০২-৯৫৫০৫৩০ ফ্যাক্স ঃ ০২-৯৫৫০৫৩০
ই-মেইল ঃ nationaldyd@gmail.com ওয়েবসাইট ঃ www.dyd.gov.bd




